



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/11/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নর্দান ম্যানহাটনের ডমিনিকান শিল্প ও সংস্কৃতি কেন্দ্রের জন্য 12 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করলেন

স্টেট, ফেডারেল, এবং স্থানীয় কর্মকর্তাগণ ডমিনিকান রিপাবলিকের শিল্প ও সংস্কৃতির জন্য নিবেদিত এ ধরনের প্রথম সাংস্কৃতিক কেন্দ্র প্রতিষ্ঠা করার জন্য CUNY ডমিনিকান স্টাডিজ ইনস্টিটিউটের সাথে অংশীদারিত্ব করছে

সেন্টারে থাকবে জাদুঘর ও প্রদর্শনীর স্থাপন, থিয়েটার, শিশুদের লাইব্রেরি, এবং ডমিনিকান রিপাবলিকের ও ডমিনিকান বংশোদ্ভূত নিউ ইয়র্কবাসীদের সাংস্কৃতিক ইতিহাস সংরক্ষণ করার একটি মৌখিক ইতিহাস ও আর্কাইভ প্রকল্প

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নর্দান ম্যানহাটনে একটি ডমিনিকান শিল্প ও সংস্কৃতি কেন্দ্র (Dominican Center for the Arts and Culture) প্রতিষ্ঠা করার জন্য 12.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে। নিউ ইয়র্ক সিটি কলেজের (City College of New York, CUNY) ডমিনিকান স্টাডিজ ইনস্টিটিউটের (Dominican Studies Institute, DSI) নেতৃত্বে এটি চলবে এ ধরনের প্রথম সাংস্কৃতিক কেন্দ্র যা ডমিনিকান রিপাবলিকের এবং একই সাথে ডমিনিকান বংশোদ্ভূত নিউ ইয়র্কবাসীদের শিল্প ও সংস্কৃতির সংরক্ষণ ও উদযাপন করবে।

"আমাদের ডমিনিকান সম্প্রদায়কে ছাড়া নিউ ইয়র্ক আজকের নিউ ইয়র্ক হতে পারতো না," **গভর্নর হোকল বলেন।** "এ ধরনের প্রথম শিল্প ও সাংস্কৃতিক কেন্দ্রের মাধ্যমে নিউ ইয়র্ক ডমিনিকান রিপাবলিকের ইতিহাসের এবং একই সাথে নর্দান ম্যানহাটন সম্প্রদায়কে আজকের রূপে আনতে সাহায্য করার জন্য ডমিনিকান আমেরিকানদের অগণিত অবদানের উদযাপন ও সংরক্ষণ করবে।"

ডমিনিকান শিল্প ও সংস্কৃতি কেন্দ্রের অবস্থান হবে ম্যানহাটনের ওয়াশিংটন হাইটস/ইনউড অংশে। কেন্দ্রে থাকবে:

- ডমিনিকান এবং ল্যাটিনো/এ/এক্স শিল্পীদের প্রদর্শনীর জন্য একটি জাদুঘর ও প্রদর্শনীর স্থান, যা নর্থ ম্যানহাটনে এ ধরনের একমাত্র উচ্চমানের প্রাতিষ্ঠানিক প্রদর্শনীর স্থান হবে এবং জনগণের জন্য বিনামূল্যে উন্মুক্ত থাকবে।

- পারফরম্যান্স, সঙ্গীত, ফিল্ম স্ক্রিনিং, বা বড় লোকচারের জন্য অত্যাধুনিক শব্দ ও বাতির ব্যবস্থাসম্পন্ন একটি থিয়েটার স্থান বা অডিটোরিয়াম।
- একটি শিশুদের লাইব্রেরি যার মূল উদ্দেশ্য হবে স্প্যানিশ ভাষার সংরক্ষণ, CUNY DSI এর ডমিনিকান লাইব্রেরির সাথে সহযোগিতায় নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির একটি শাখা এর ব্যবস্থাপনা করবে।
- এলাকার সাংস্কৃতিক ইতিহাস সংরক্ষণ করার উদ্দেশ্যে একটি মৌখিক ইতিহাস ও আর্কাইভ প্রকল্প।

চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটোস রড্রিগেজ বলেন, "এই বিনিয়োগটি CUNY এর ডমিনিকান স্টাডিজ ইনস্টিটিউটকে এমন একটি কেন্দ্র তৈরি করতে দিবে যা ডমিনিকান রিপাবলিকের সমৃদ্ধ ইতিহাস ও ঐতিহ্যকে উদযাপন করবে, যেখানকার মানুষেরা আমাদের সিটি ও ইউনিভার্সিটি উভয় স্থানের সর্ববৃহৎ অভিবাসী গোষ্ঠীর প্রতিনিধিত্ব করছে। ডমিনিকান বংশোদ্ভূত মানুষের বহু গুরুত্বপূর্ণ অবদান, এবং নিউ ইয়র্কের গল্পে তাদের মুখ্য ভূমিকাকে অমর করে রাখার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

প্রতিনিধি আদ্রিয়ানো এম্পিয়াত বলেন, "ডমিনিকান সংস্কৃতি এবং প্রবাসীরা পুরো দেশের সম্প্রদায়সমূহে একটি অনস্বীকার্য প্রভাব রেখেছে, এবং তা নিউ ইয়র্ক সিটি, বিশেষ করে নর্দার্ন ম্যানহাটনের থেকে বেশি স্পষ্ট আর কোথাও নয়। আমাদের সম্প্রদায়ে এই অবদানের স্বীকৃতি ও উদযাপনের জন্য একটি ডমিনিকান সাংস্কৃতিক কেন্দ্রের জরুরি চাহিদা রয়েছে। কেন্দ্রের নির্মাণে 12.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি স্টেট তহবিল প্রদানে গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য আমি গভীরভাবে তার প্রতি কৃতজ্ঞ। আজকের ঘোষণার মাধ্যমে, এই ভিশনারি প্রকল্পকে বাস্তবায়ন করার জন্য আমি মোট প্রায় 38 মিলিয়ন মার্কিন ডলার সরকারি বিনিয়োগ নিশ্চিত করতে সফলভাবে সাহায্য করলাম।"

অ্যাসেম্বলি সদস্য ম্যানি ডে লস স্যান্টোস বলেন, "আমার জেলায় ডমিনিকান শিল্প ও সংস্কৃতি কেন্দ্র প্রতিষ্ঠা করার আমাদের লক্ষ্যের জন্য এই গুরুত্বপূর্ণ মাইলফলক উদযাপন করতে পেরে আমি অতি আনন্দিত। কেন্দ্রটি পুরো নর্দার্ন ম্যানহাটন, নিউ ইয়র্ক সিটি, এবং এর বাইরেও আমাদের ডমিনিকান সংস্কৃতি সংরক্ষণ ও প্রচার করতে সাহায্য করবে। নিউ ইয়র্কবাসী, পর্যটক, এবং ভবিষ্যৎ প্রজন্ম সমৃদ্ধ ডমিনিকান ঐতিহ্য, যা আমাদের সম্প্রদায়সমূহকে আকৃতি প্রদান করেছে এবং করে চলেছে, তা সম্পর্কে শিখতে ও এর অভিজ্ঞতা গ্রহণ করতে পারবে। এই ভিশনে একমত হওয়ার জন্য, গুরুত্বপূর্ণ এই প্রকল্পকে সম্ভব করতে সাহায্য করার তহবিল দিয়ে সম্প্রদায়কে সমর্থন করার জন্য গভর্নর হোকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) সদস্য কারমেন ডে লা রোজা বলেন, "ডমিনিকান মানুষের ইতিহাস তুলে ধরার ব্যাপারে গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য তাকে ধন্যবাদ। ডমিনিকান আমেরিকান সাংস্কৃতিক কেন্দ্রের জন্য 12.5 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল এখানে বসতি স্থাপন করা ও আমাদের সম্প্রদায়সমূহে রূপান্তরিত করা ডমিনিকানদের প্রজন্মসমূহের সাংস্কৃতিক পদচিহ্ন ও লিগেসির জন্য অপরিহার্য।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)